দৈনিক খবর

তারিখ 15 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

133

কাপ্তাই সড়কে ৪ ঘন্টা অবরোধ ।। এলাকায় উত্তেজনা

# রাউজান কলেজে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ ।। ২০ জন আহত

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৪ই নভেম্বর।– আজ শনিবার রাউজান কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। ঘটনার প্রতিবাদে নজুমিঞা হাট এলাকায় কাপ্তাই সড়ক প্রায় ৪ ঘন্টা অবরোধ করে রাখা হয়। কলেজে সংঘর্ষের ঘটনায় রাউজানের বিভিন্ন এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

উক্ত সংঘর্ষ ঘটে বেলা ১টার দিকে। ছাত্র সংসদের নির্বাচন উপলক্ষে ছাত্রলীগ ও ছাত্রদল এ সময় মিছিল বের করে। এক পর্যায়ে মিছিল দু'টি মুখোমুখি হলে সংঘর্ষ বেঁধে যায়। প্রায় ৪০ মিনিট তাদের মধ্যে ইট-পাটকেল নিক্ষেপ, বোমাবাজি এবং ধাওয়া, পাল্টা ধাওয়া হয়, ক্যাম্পাস থেকে রাস্তায়ও সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এ ঘটনায় রাঙ্গামাটি সড়কের এই অংশে গাড়ী চলাচল কিছুক্ষণ বন্ধ ছিল।

২ এর পাতায়

## রাউজান

প্রথম পৃষ্ঠার পর

সংঘর্ষে আহতদের মধ্যে ৬ জনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আনা হয়েছে। ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ আগামীকাল রাউজানে হরতাল আহবান করেছে। তারা অভিযোগ করেছে যে, ছাত্রদল তাদের মিছিলের ওপর হামলা চালিয়েছে। অপরদিকে ছাত্রদল পাল্টা অভিযোগ করেছে ছাত্রলীগের বিরুদ্ধে।

রাউজান কলেজে ছাত্রলীগের মিছিলে ছাত্রদলের হামলার খবরে নজুমিঞা হাট এলাকায় ছাত্রলীগ কর্মীরা বিক্ষুব্ধ হয়ে উঠে। তারা নজুমিঞা হাট থেকে মদুনাঘাট পর্যন্ত কাপ্তাই সড়ক বন্ধ করে দেয়। এর দরুন বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত উক্ত রাস্তায় গাড়ী চলাচল ব্যাহতহয়েছে।

### সন্ত্রাস দমন এবং ওসি'র অপসারণ দাবী

রাউজান থানা বিএনপি'র উদ্যোগে আগামীকাল রোববার গণঅনশন পালন করা হবে। সন্ত্রাসীদের দমন এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অপসারণ দাবীতে এই কর্মসূচী নেয়া হয়েছে।